যুগান্তর

19 OCT 2017

# ঢাবির 'ক' ও 'চ' ইউনিটের ফল প্রকাশ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিট এবং চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ হয়েছে। বুধবার দুপুরে আনুষ্ঠানিকভাবে ইউনিট দুটির ফল ঘোষণা করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন ও 'ক' ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক ড. মো. হাসানুজ্জামান, চারুকলা অনুষদের ডিন ও 'চ' ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক নিসার হোসেন, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ প্রমুখ এ সময় সেখানে ছিলেন।

'ক' ইউনিটে উত্তীর্ণ হয়েছে ১৯ হাজার ২৬৭ জন। অনুত্তীর্ণ হয়েছে ৬২ হাজার ৮৮২ জন। পাসের হার ২৩ দশমিক ৩৭ শতাংশ। বিস্তারিত ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে (admission.eis.du.ac.bd) জানা যাবে।